

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।
Email: rdokhulna@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুঃবিঃ/ ১৪০৯

তারিখ : ১৪/০৯/২০১৯ খ্রিঃ

প্রাপক,

প্রধান শিক্ষক,
আমজাদ আলী মাধ্যমিক বিদ্যালয়,
শালীখা, মাগুরা।

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা আপনার প্রতিষ্ঠান পরিদর্শন শেষে বিভিন্ন বিষয় চিহ্নিত করে একখানা প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে দেখা যায় :

- ১। ব্যবহারিক ক্লাশ করানো হয় না।
- ২। সরকার প্রদত্ত যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে না।
- ৩। যন্ত্রপাতি ও হ্যান্ডটুলস রক্ষণাবেক্ষনে অযত্নের ছাপ রয়েছে।
- ৪। শিক্ষার্থী উপস্থিতির হার কম ৪২%।
- ৫। সঠিক ভাবে রুটিন প্রণয়ন করা হয়নি।
- ৬। ইয়ার প্লান নেই।
- ৭। অগ্রগতি কার্ড নেই।
- ৮। ওয়ার্কশপে যন্ত্রপাতি স্থাপন না করে অন্য তাত্ত্বিক ক্লাশ নেয়া হচ্ছে।
- ৯। যন্ত্রপাতি যত্রতত্র রাখা হয়েছে।

এমতাবস্থায় উল্লিখিত অসংগতি সমূহের ব্যাখ্যা প্রদানসহ পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে সকল যন্ত্রপাতি ওয়ার্কশপে স্থাপন এবং ব্যবহার উপযোগি করে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর:-

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৪০৯ (৬)

তারিখ : ১৪/০৯/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডব্লিউ /ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), মাগুরা।
- ৪। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক, অত্র দপ্তর।
- ৫। সভাপতি, ম্যানেজিং কমিটি, আমজাদ আলী মাধ্যমিক বিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।

স্বাক্ষর:-
(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।